

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২১৪.২২.৭৯

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৩০৮৯/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১৩০৮৯/২০২২-এর ০৭/১১/২০২২ স্থিতিব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন অবকাঠানো (ঘরবাড়ী) ও গাছপালার ক্ষতিপূরণ মূল্যবাবদ প্রস্তাবিত টাকা প্রদানের বিষয়কে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট ১১ (এগার) জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব আক্তারুজ্জামান খোকন কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১৩০৮৯/২০২২ রুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি বুলনিশি জারি করেন। এ রিটের ৯নং প্রতিপক্ষ প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৩০৮৯/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

৬-২-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২১৪.২২.৭৯/১(৫)

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৬-২-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব